

কোটেশন আহবান

নং-৪২.০০.০০০০.৩২.১২.৭০.২০১৮- ৩৬৪


তারিখ : ২৭ বৈশাখ ১৪২৫  
১০ মে ২০১৮

পানি সম্পদ মন্ত্রণালয়ের জন্য Kasparesky সার্ভার ভার্সন এন্টিভাইরাস সফটওয়্যার প্রকৃত সরবরাহকারীর নিকট হতে সীল মোহরকৃত কোটেশন আহবান করা যাচ্ছে। আগামী ১৫ মে ২০১৮ তারিখ পর্যন্ত যেকোন কার্যদিবসে অফিস সময়ের মধ্যে এ অফিস থেকে (কক্ষ নং-৪১৬, ভবন নং-৬, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) কোটেশনের সিডিউল সংগ্রহ করা যাবে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ১৬ মে ২০১৮ তারিখ বেলা ০২.০০ ঘটিকার মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে রক্ষিত বাক্সে (কক্ষ নং-৪১৬, ভবন নং-৬, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়) কোটেশন দাখিল করতে হবে।

**শর্তাবলী :-**

- ১। কোটেশন আগামী ১৬ মে ২০১৮ তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রশাসন-৩/সেবা শাখায় রক্ষিত বাক্সে (কক্ষ নং-৪১৬, ভবন নং-৬, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়) জমা দিতে হবে। একই দিন বেলা ০৩.০০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে (ভবন নং-৬, কক্ষ নং ৪০১, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) কোটেশন দাতা বা মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে।
- ২। কোটেশনের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট/আয়কর, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ইত্যাদি সনদের সত্যায়িত কপি সংযোজন করতে হবে।
- ৩। মালামাল সরবরাহকারীর বিল হতে সরকারি বিধি মোতাবেক ভ্যাট/আইটি কর্তন করা হবে।
- ৪। পিপিআর-২০০৮ এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে।
- ৫। দাখিলকৃত কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে কোটেশন মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৬। যেকোন কোটেশন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ৭। নিম্নরূপ Specification অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে:

ক্রমিক	মালামালের নাম	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	Kasparesky সার্ভার ভার্সন এন্টিভাইরাস ০২(দুই) বছর মেয়াদি	৩৫ (পয়ত্রিশ)টি		



(মোঃ আবদুল খালেক)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৫১৩২

**বিতরণ:**

- ১। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ২। সচিবালয়ের সকল গেইট ও নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ৬ নং ভবনের নীচের নোটিশ বোর্ড।
- ৪। পানি সম্পদ মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড, ঢাকা।
- ৫। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জিপিও নোটিশ বোর্ড, ঢাকা।

**অনুলিপি:**

- ১। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।